অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নারী সমতা দিবসের সম্মানে কর্মক্ষেত্রে নারীদের নিয়ে নতুন প্রতিবেদন করার নির্দেশ দিলেন

শ্রম ডিপার্টমেন্টকে কর্মক্ষেত্রে নারীদের উপর কোভিড-19 এর প্রভাব পরীক্ষা করতে এবং সমতার সমাধান খুঁজে দেখার নির্দেশ দিলেন

ইস্তেহার জারি করলেন এবং নারী সমতার দিবসের স্বীকৃতিতে স্টেটের সম্পদগুলিকে আলোকিত করার আদেশ দিলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের শ্রম ডিপার্টমেন্ট (New York State Department of Labor, NYSDOL) একটি প্রতিবেদন প্রদান করবে যা কর্মক্ষেত্রে নারীদের উপর কোভিড-19 মহামারীর প্রভাব বিশ্লেষণ করবে যার বিশেষ মনোযোগ থাকবে বহুস্তরের উপর। প্রতিবেদনটি 2018 লিঙ্গভিত্তিক বেতন বৈষম্য প্রতিবেদনের (2018 Gender Wage Gap report) অনুবর্তী হবে, যার সহপ্রধান ছিলেন গভর্নর হোকল এবং NYSDOL কমিশনার রবার্টা রিয়ারডন, যার মধ্যে বেতন বৈষম্য কমানোর জন্য অনেকগুলি পলিসি ও প্রোগ্রামেটিক সুপারিশ ছিলো।

গভর্নর হোকল নারী সমতা দিবসের (Women's Equality Day) নতুন প্রতিবেদনটি ঘোষণা করলেন, এটি একটি ফেডারেল পর্যায়ে স্বীকৃত ছুটির দিন যা ঊনবিংশ অ্যামেন্ডমেন্টের (Nineteenth Amendment) 1920 সালের সংস্করণকে উদযাপন করে যা নারীকে ভোটাধিকার প্রদান করে। এছাড়াও গভর্নর একটি ইস্তেহারে স্বাক্ষর করেন যা 26 আগস্টকে নিউ ইয়র্ক স্টেটের জন্য নারী সমতা দিবস ঘোষণা করে এবং এই স্বীকৃতিতে স্টেটের সম্পদগুলিকে বেগুনি ও সোনালী আলোয় আলোকিত করার আদেশ প্রদান করেন।

"নিউ ইয়র্ক স্টেটের প্রথম নারী গভর্নর হিসেবে, আমি আশা করছি যে পুরো বিশ্বের নারী ও মেয়েদের এই বার্তা পাঠাতে পারবো যে তারা যা চায় তাই হতে পারবে," **গভর্নর হোকল বলেন।** "পুরো মহামারীর সময় নারীরা যেসব কাঠিন্যের সম্মুখীন হয়েছে তার উপর আলোকপাত করার মাধ্যমে, আমরা কর্মক্ষেত্র এবং তার বাইরেও সমতা নিশ্চিত করার ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছি। আজকে আমরা নিশ্চিত করছি যে আমরা আমাদের কন্যা ও নাতনিদের জন্য যেই ভবিষ্যৎ রেখে যাচ্ছি তা যাতে আমরা যা পেয়েছি তার থেকেও উজ্জ্বলতর ও ন্যায্যতর হয়।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম ডিপার্টমেন্টের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "এটি কোনও গোপন কথা নয় যে কর্মক্ষেত্রের দৃষ্টিভঙ্গি থেকে, মহামারী নারীদের উপর ক্ষতিকর প্রভাব ফেলেছে, গত দশকে আমাদের অর্জিত উল্লেখযোগ্য অগ্রগতিকে পেছনের দিকে নিয়ে গেছে। আমি এই দীর্ঘদিনের অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হয়ে নিউ ইয়র্ক স্টেট যাতে কর্মক্ষেত্রে ও বেতনের ক্ষেত্রে সমতার স্টেট হতে পারে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের সাথে কাজ অব্যাহত রাখতে পেরে গর্বিত।"

NYSDOL সর্বশেষ উপলভ্য ডেটা ব্যবহার করে কর্মক্ষেত্রে নারীদের যেই মুখ্য বিষয়গুলি প্রভাবিত করছে তা মূল্যায়ন করবো, যার মধ্যে রয়েছে বেতন বৈষম্য, নিউ ইয়র্কের চাইল্ড কেয়ার অবকাঠামো এবং অন্যান্য বিষয়। এছাড়াও DOL গণশুনানির একটি সিরিজ আয়োজন করবে যাতে প্রতিবেদনটির জন্য অভিজ্ঞদের সাক্ষ্যপ্রমাণ ও জনগণের মতামত সংগ্রহ করা যায়। প্রতিবেদনটি অনুসন্ধানের ফল প্রকাশ করবে এবং নারীর ক্ষমতায়নের জন্য সুপারিশের রূপরেখা প্রদান করবে এবং একইসাথে নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্যময় ও বলিষ্ঠ অর্থনীতিকে অগ্রসর করবে। এটি হলো নিউ ইয়র্ক স্টেটে বেতন বৈষম্য সনাক্ত ও দূর করার প্রচেষ্টার সিরিজের সর্বশেষ সংযোজন।

নিউ ইয়র্ক স্টেটের প্রথম নারী গভর্নর হিসেবে, গভর্নর হোকল নারী সমতার একজন শক্তিশালী অ্যাডভোকেট ছিলেন এবং আছেন। দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর হোকল:

- প্রজননসংক্রান্ত অধিকার রক্ষা করতে অগ্রগামী বিধিমালার প্রণয়ন করেছেন এবং নিউ ইয়র্কে গর্ভপাত সেবাদানকারীদের সুরক্ষা ও সমর্থন প্রদান করতে যুগান্তকারী 35 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করেছেন।
- চাইল্ড কেয়ারে স্টেটের ইতিহাসের সর্বোচ্চ বিনিয়োগ ঘোষণা করেছেন।
- যৌন নির্যাতন ও হয়রানির শিকার ব্যক্তিদের ক্ষমতায়নের জন্য ল্যান্ডমার্ক বিলসমূহকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন।

নিউ ইয়র্ক স্টেট বেতনের সমতা অগ্রসর করতে সাম্প্রতিক বছরগুলিতে অনেক অগ্রসর হয়েছে, যার মধ্যে আছে একটি বেতন ইতিহাস নিষেধাজ্ঞার (Salary History Ban) প্রণয়ন, যা —সরকারি ও বেসরকারি— সকল চাকরিদাতার জন্য সম্ভাব্য বা বর্তমান চাকরিজীবীদের তাদের বেতনের ইতিহাস ও ক্ষতিপূরণ নিয়ে প্রশ্ন করা নিষিদ্ধ করে। এছাড়াও সকল চাকরি সন্ধানকারীদের জন্য NYSDOL-র বিনামূল্যের সংস্থান রয়েছে যার মধ্যে একটি বেতন নিয়ে আলোচনার নির্দেশনা (Salary Negotiation Guide) আছে যা নিউ ইয়র্কবাসীদেরকে তাদের উপার্জনের ক্ষমতার সম্পূর্ণটি ব্যবহার করতে সাহায্য করে।

নারী সমতার দিবসের স্বীকৃতি হিসেবে নিচের স্টেট সম্পদগুলি আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ

- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA লং আইল্যান্ড রেলরোড - পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

অ্যাসেম্বলি সদস্য কিম্বার্লি জন-পিয়ের বলেন, "নিউ ইয়র্ক স্টেটের প্রথম নারী গভর্নর হওয়ার পর থেকে, ক্যাথি হোকল পুরো স্টেটে নারী বিষয়ক ব্যাপারে তাদের একজন সাহসী সমর্থক হয়ে আছেন। নারী সমতার দিবসে, আমরা কর্মক্ষেত্রে নারীদের উপর কোভিড-19 এর সরাসরি প্রভাব এবং লিঙ্গভিত্তিক বেতন বৈষম্যে মহামারীর প্রভাব গবেষণা করার দিকে একটি ঐতিহাসিক পদক্ষেপ গ্রহণ করছি। আইনসভার নারী ককাসের (Legislative Women's Caucus) প্রধান হিসেবে, আমি নিউ ইয়র্কজুড়ে নারীদের উত্থিত করতে তার অব্যাহত প্রচেষ্টার জন্য আন্তরিকভাবে গভর্নর হোকলের সমাদর করছি ও তার প্রশংসা করছি এবং আমি একসাথে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418